

টিকার তথ্য বিবৃতি

BENGALI

Td টিকা

আপনার যা জানা আবশ্যিক

(টিটেনাস এবং
ডিপথেরিয়া)Many Vaccine Information Statements are
available in Bengali and other languages.
See www.immunize.org/visঅনেক টিকার তথ্য বিবৃতি বাংলা এবং অন্যান্য
ভাষায় উপলব্ধ। www.immunize.org/vis দেখুন

1 কেন টিকা নেবেন?

টিটেনাস এবং ডিপথেরিয়া দুটি অত্যন্ত জটিল রোগ। মার্কিন যুক্তরাষ্ট্রে আজকাল এগুলি বিরল, তবে যে ব্যক্তির সংক্রামিত হয় তাদের প্রায়ই গুরুতর জটিলতা দেখা দেয়। Td টিকা কিশোর এবং প্রাপ্তবয়স্ক উভয়কেই এই রোগ থেকে সুরক্ষিত করার জন্য ব্যবহৃত হয়।

টিটেনাস এবং ডিপথেরিয়া দুটি সংক্রমণই ব্যাক্টেরিয়া কারণে হয়: ডিপথেরিয়া কাশি বা হাঁচির মাধ্যমে একজনের থেকে অন্য জনের শরীরে ছড়িয়ে পড়ে। কেটে যাওয়া, আঁচড় বা আঘাতের মাধ্যমে টিটেনাসের ব্যাক্টেরিয়া শরীরে প্রবেশ করে।

টিটেনাস (ধনুষ্ঠংকার) রোগের কারণে সাধারণত সারা শরীরে, যন্ত্রনাদায়কভাবে পেশীগুলি শক্ত এবং অনমনীয় হয়ে যায়।

- এটির কারণে মাথার এবং ঘাড়ের পেশীগুলি শক্ত হয়ে যেতে পারে ফলে আপনি মুখ খুলতে, কিছু গিলতে বা কখনও কখনও শ্বাস নিতে পারবেন না। সেরা চিকিৎসা পরিচর্যা পাওয়া সত্ত্বেও টিটেনাসের ফলে প্রতি 10 জন সংক্রামিত লোকের মধ্যে 1 জনের মৃত্যু হয়।

ডিপথেরিয়ার কারণে গলার ভিতরদিকে একটি মোটা আস্তরণ তৈরি হতে পারে।

- এটির ফলে শ্বাসকষ্ট, পঙ্গুত্ব, হৃদযন্ত্র বিকল এবং মৃত্যু হতে পারে।

টিকার পূর্বে, মার্কিন যুক্তরাষ্ট্রে প্রতি বছর হিসাবে 200,000 ডিপথেরিয়ার কেস এবং হাজার হাজার টিটেনাসের কেসের রিপোর্ট পাওয়া যেত। টিকাকরণ শুরু হওয়ার সময় থেকে, দুটি রোগের কেসের রিপোর্টই প্রায় 99% কমেছে।

2 Td টিকা

Td টিকা কিশোর এবং প্রাপ্তবয়স্ক উভয়কেই টিটেনাস এবং ডিপথেরিয়া রোগ থেকে সুরক্ষিত করতে পারে। Td সাধারণত একটি বুস্টারের ডোজ/মাত্রা হিসাবে প্রতি 10 বছরে দেওয়া হয় কিন্তু এটি কোনো গুরুতর ও অপরিষ্কার আঘাত অথবা পোড়ার অবিলম্ব পরেও দেওয়া হতে পারে।

টিটেনাস এবং ডিপথেরিয়ার সঙ্গে ঘুংড়ি কাশির থেকে সুরক্ষাকারী Tdap নামক আরেকটি টিকা, কখনও কখনও Td টিকার বদলে সুপারিশ করা হয়।

আপনার চিকিৎসক বা যে ব্যক্তি আপনাকে টিকা দিচ্ছেন তিনি আপনাকে আরও বেশি তথ্য দিতে পারবেন।

অন্যান্য টিকার সঙ্গে Td নিরাপদভাবে দেওয়া যেতে পারে।

3 কিছু লোকের এই টিকা নেওয়া উচিত নয়

- টিটেনাস অথবা ডিপথেরিয়া ধারণকারী টিকার পূর্ববর্তী ডোজের পরে কোনো ব্যক্তির প্রাণঘাতী অ্যালার্জি জনিত প্রতিক্রিয়া দেখা দিয়ে থাকলে বা এই টিকার আংশিক প্রয়োগের ফলে গুরুতর অ্যালার্জি দেখা দিলে, Td টিকা নেওয়া উচিত নয়। কোনো গুরুতর অ্যালার্জি থাকলে যে ব্যক্তি টিকা দিচ্ছেন তাকে বলুন।
- আপনার চিকিৎসকের সঙ্গে কথা বলুন, যদি আপনার:
 - ডিপথেরিয়া বা টিটেনাস ধারণকারী কোনো টিকা নেওয়ার পরে গুরুতর ব্যথা হয় বা ফুলে যায়,
 - কখনও গুইলেন বারে সিন্ড্রোম (Guillain-Barré Syndrome, GBS) নামে কোন পরিস্থিতি হয়ে থাকে,
 - শট দেওয়ার সূচিত তারিখে সুস্থ বোধ না করেন।

4 টিকার প্রতিক্রিয়ার ঝুঁকি

টিকা সহ যে কোনো ওষুধের ক্ষেত্রে পার্শ্ব প্রতিক্রিয়ার সম্ভাবনা থাকে। সাধারণত এগুলি হালকাভাবে দেখা দেয় এবং নিজে থেকেই কমে যায়। মারাত্মক প্রতিক্রিয়া হওয়ারও সম্ভাবনা থাকে, তবে তা বিরল।

Td টিকা নেওয়া বেশিরভাগ লোকেদের কোনো সমস্যা হয় না।

Td টিকা নেওয়ার পরে হওয়া সামান্য সমস্যার মধ্যে অন্তর্ভুক্ত: (ক্রিয়াকলাপের ক্ষেত্রে হস্তক্ষেপ করবেন)

- শট দেওয়া জায়গাটিতে ব্যথা (প্রায় 10 জনের মধ্যে 8 জন ব্যক্তির)
- শট দেওয়া জায়গাটিতে লালচে ভাব বা ফুলে যাওয়া (প্রায় 4 জনের মধ্যে 1 জন ব্যক্তির)
- হালকা জ্বর (কদাচিৎ)
- মাথা ব্যথা (4 জনের মধ্যে 1 জন ব্যক্তির)
- ক্লান্তিভাব (4 জনের মধ্যে 1 জন ব্যক্তির)

Td টিকা নেওয়ার পরে হওয়া মাঝারি সমস্যার মধ্যে অন্তর্ভুক্ত: (ক্রিয়াকলাপে হস্তক্ষেপ করে, তবে চিকিৎসা করার প্রয়োজন হয় না)

- 102°F এর ওপরে জ্বর (কদাচিৎ)

Td টিকা নেওয়ার পরে হওয়া গুরুতর সমস্যার মধ্যে অন্তর্ভুক্ত:

(স্বাভাবিক ক্রিয়াকলাপ করতে পারে না; চিকিৎসার প্রয়োজন হয়)

- যেখানে শট দেওয়া হয়েছে সেই হাতে ফোলা, তীব্র ব্যথা, রক্তক্ষরণ এবং/অথবা লালচে ভাব (কদাচিৎ)।



U.S. Department of
Health and Human Services
Centers for Disease
Control and Prevention

